# উপজেলা পরিষদ কার্যালয়
# সিলেট সদর, সিলেট।

সিলেট সদর উপজেলার ৬ষ্ঠ পরিষদের ১২ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : মিজ্ খোশনূর রুবাইয়াৎ, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট।
তারিখ : ২০-০৫-২০২৫ খ্রিঃ।
সময় : সকাল ১১.০০ ঘটিকায়।

সভায় উপস্থিতি ও অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভায় উপজেলা নির্বাহী অফিসার ও অদ্য সভার সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। | সভায় উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সবাইকে স্বাগত জানান। অতপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত এবং দৃঢ়ীকরণ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ০২ | বিভাগীয় অগ্রগতি পর্যালোচনাঃ- | | | |
| ২.১ স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | | (ক) আলোচনার শুরুতে উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট জানান পিডিপি-৪, ইউজিডিপি, জিওবি, বন্যা পুর্ণবাসন রাস্তা সহ বিভিন্ন প্রকল্পের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>(খ) আলোচনাকালে প্রতিনিধি, উপজেলা প্রকৌশলী, সদর, সিলেট বলেন যে, ২০২৪-২৫ অর্থবছরে পরিচালন বাজেটের ইউনিয়ন পরিষদের অন্যান্য ভবন ও স্থাপনা উপখাতে অত্র উপজেলার অধীন সকল ইউনিয়ন পরিষদ ভবণ মেরামত প্রকল্পের প্রাপ্ত দরপত্র সমূহের টেন্ডার সম্পন্ন হয়েছে, কিছু দিনের মধ্যে কাজ শুরু করবে।তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন | ১.১) পিডিপি-৪, ইউজিডিপি, জিওবি, বন্যা পুনর্বাসন রাস্তা সহ বিভিন্ন প্রকল্পের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়<br>১.২) জুন-২০২৫ এর মধ্যে সকল কাজ শেষ করে বিল পরিশোধ করতে হবে।<br>১.৩) অত্র উপজেলার অধীন সকল ইউনিয়ন পরিষদ ভবণ মেরামত প্রকল্পের কাজ যথাসময়ে শেষ করতে হবে। | প্রশাসক, উপজেলা পরিষদ /উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট। |
| ২.২ স্বাস্থ্য বিভাগ | | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>তিনি জানান, ২০২৪ এর জুলাইয়ে ছাত্র জনতার গণঅভ্যুত্থানে সিলেট সদর উপজেলার আহতদের মধ্যে প্রথম ধাপে ১৪ জন উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মাধ্যমে স্বাস্থ্য কার্ড বিতরণ করা হয়েছে। এছাড়া হজ্ব যাত্রীদের নিয়মিত মেডিক্যাম টিমের মাধ্যমে স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রম চলমান। | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>১.২) প্রতি মাসে মাসিক সভার পূর্বে কার্যপত্র প্রেরণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,সিলেট সদর, সিলেট ও সংশ্লিষ্ট সকল। |
| ২.৩ মাধ্যমিক শিক্ষা বিভাগ | | আলোচনাকালে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি জানান, ৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেনির উপবৃত্তি অর্ন্তভূক্তি কার্যক্রম চলছে, আগামী ২২ মে ২০২৫ শিক্ষা পর্যায়ে অর্ন্তভূক্তি কার্যক্রম সমাপ্ত হবে এছাড়া এসএসসি পরীক্ষা-২০২৫ সুষ্ঠু ভাবে সম্পন্ন হয়েছে, ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। | ১) ৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেনির উপবৃত্তি অর্ন্তভূক্তি কার্যক্রম সুষ্ঠু ভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ২.৪ প্রাথমিক শিক্ষা বিভাগ | | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>প্রাথমিক পর্যায়ের বৃত্তি পরীক্ষা চালু হওয়ার কথা চলছে, বৃত্তি পরীক্ষা চালু হলে সবাইকে অবগত করা হবে। | ১.১। ১। বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২.৫ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, হেরিং বোন বন্ড করণ ২য় পর্যায়ে ১টি প্রকল্পে অগ্রগতি ১০০%।<br>গ্রামীন রাস্তার ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের আওতায় ১৮ টি প্রকল্পের কাজ চলমান গড় অগ্রগতি ৯০%, গ্রামীণ অবকাঠামো সংস্কার(কাবিটা)কর্মসূচীর ১ম ও ২য় | ১.১। বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং দ্রুত প্রকল্পের কাজ শেষ করতে হবে।<br>১.২। দ্রুত বিভাজন মোতাবেক ভিজিএফ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাও সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| | কিস্তির বরাদ্দের অনুকূলে গৃহীত প্রকল্পের গড় অগ্রগতি ৯০% ।৩য় পর্যায়ের প্রকল্প অনুমোদনাধীন ।গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচী (টিআর) ১ম ও ২য় কিস্তির বরাদ্দের অনুকূলে গৃহীত প্রকল্পের গড় অগ্রগতি ৯০% ।৩য় পর্যায়ের প্রকল্প অনুমোদনাধীন। ঢেউটিনের বরাদ্দ পাওয়া গেছে নয় লক্ষ টাকা ঢেউটিন ক্রয় কার্যক্রম চলমান।<br>তিনি জানান ভিজিএফ এর বরাদ্দের প্রেক্ষিতে বিভাজন করা হয়েছে, দ্রুত বিতরণ করতে হবে ।তিনি দুর্যোগ মোকাবেলায় প্রত্যেক ইউনিয়নে তিনটি নৌকা প্রস্তুত রাখার প্রস্তাব উপস্থাপন করেন ।<br>জিআর বরাদ্দ সংক্রান্ত খাদিমনগর ইউপি চেয়ারম্যান এর প্রশ্নে তিনি জানান, জি, আর বরাদ্দ জেলা প্রশাসক মহোদয় প্রদান করেন । বেশির ভাগ আবেদন সিটি কর্পোরেশন এলাকা থেকে আসে, সদরের আবেদন কম আসে তাই উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সদর উপজেলার মাদ্রাসা, এতিমখানা, লীল্লা বোডিং যদি থাকে তাদের আবেদন করার জন্য নির্দেশনা প্রদান করেছেন । | এর চাল খাদ্য গোদাম থেকে উত্তোলন পূর্বক বিতরণ করতে হবে ।<br>১.৩। প্রাকৃতিক দুর্যোগ (বন্যা) মোকাবেলায় প্রত্যেক ইউনিয়নে তিনটি নৌকা প্রস্তুত রাখাতে হবে ।<br>১.৪। জিআর বরাদ্দের জন্য মাদ্রাসা, এতিমখানা, লীল্লা বোডিং যদি থাকে তাদের জেলা প্রশাসক বরাবর উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে আবেদন করতে হবে ।<br>১.৫। গত বছর শীলাবৃষ্টিতে ক্ষতিগ্রস্থ চা বাগান এলাকার জন্য টিনের বিশেষ চাহিদা জেলা প্রশাসক মহোদয়ের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় । | |
| ২.৬ পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর ,সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | ১.১। বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে । | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট |
| ২.৭ কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট এর প্রতিনিধি জানান, চলমান খরিফ ১ মৌসুমে আউশ ধান আবাদ লক্ষ্যমাত্রা ৩৫০০ হেক্টও । আউশ ধান রোপন কার্যক্রম শুরু হয়েছে এবং মাঠ পর্যায়ে কৃষকদেও সার্বিক সহযোগিতা ও পরামর্শ প্রদান করা হচ্ছে ।বোরো আবাদ হাওরে ২৫৮৫ হেক্টও এবং নন হাওরে ৩৪৫৫ হেক্টর । গত কাল পর্যন্ত হাওর এলাকার ১০০% এবং নন হাওর এলাকার ৯৯% ধান কর্তন করা হয়েছে ।সরকারী গোদামে বোরো ধান বিক্রি কার্যক্রম চলমান ।তিনি জানান, ২০২৪-২৫ অর্থবছরে কৃষি পূনর্বাসন সহায়তা খাত হতে আনারস উৎপাদন বৃদ্ধিও জন্য ১০ জন কৃষকদের মধ্যে ২২৫০ টি দেশী জাতের আনারস চারা বিতরণ করা হয়েছে।এছাড়া সারের পর্যাপ্ত মজুদ আছে । | ১.১। নন হাওর এলাকার অবশিষ্ঠ ১% ধান কর্তন দ্রুত সময়ের মধ্যে শেষ করতে হবে ।বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে । | উপজেলা কৃষি কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট |
| ২.৮ মৎস্য বিভাগ | উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | ১.১।বিভাগীয় কার্যক্রম অব্যহত রাখতে হবে । | উপজেলা মৎস্য কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ২.৯ প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট এর প্রতিনিধি জানান, ৩৮ টি ক্ষুদ্র নৃ গোষ্ঠী পরিবারকে বকনা বাছুর প্রদান কার্যক্রম ১০০% সম্পন্ন, খাবারের বরাদ্ধ পাওয়া যায়নি, বরাদ্ধ পাওয়া মাত্র বিতরণ করা হবে । | ১.১।বিভাগীয় কার্যক্রম অব্যহত রাখতে হবে । | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| ২.১০ সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান সমাজসেবা বিভাগের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ভাতা বাছাইকৃত তালিকা পাওয়া গেছে, প্যারোল প্রদান কার্যক্রম চলমান | ১.১।বিভাগীয় কার্যক্রম অব্যহত রাখতে হবে । | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সংশিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ২.১১ মহিলা বিষয়ক বিভাগ | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট জানান, প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট সদর, সিলেট জানান, ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় ২০২৩-২০২৪ চক্রের | ১। ২০২৫-২০২৭ চক্রের উপকারভোগীর আবেদনের কার্যক্রম নির্ধারিত ওয়েবসাইটে সম্পন্ন করতে হবে | উপ-পরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট । |

| | | | |
|---|---|---|---|
| বিষয়ক বিভাগ | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট সদর, সিলেট জানান, ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় ২০২৩-২০২৪ চক্রের ৯০০জন উপকারভোগীর মেয়াদ জানুয়ারী-জুন/২০২৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে এবং জানুয়ারী-মে/২০২৫ পযন্ত খাদ্যশস্য বিতরণের ডিও প্রদান করা হয়েছে। উক্ত উপকারভোগীগন সঞ্চয় জমা ছাড়াই খাদ্যশস্য গ্রহণ করবেন। ২০২৫-২০২৭ চক্রের উপকারভোগীর আবেদনের কার্যক্রম নির্ধারিত ওয়েবসাইটে চলমান রয়েছে।<br>তিনি আরোও জানান, মা ও শিশু সহায়তা কর্মসূচি: এর আওতায় ২০২৪-২০২৫ অর্থবছরের বরাদ্দ অনুয়ারি http://dwamcbp.gov.bd/mcbp/login অনলাইনের মাধ্যমে আবেদন কার্যক্রম চলমান রয়েছে। প্রতিটি ইউনিয়নে ০৯টি করে আবেদন মে- জুন/২৫ পযন্ত আবেদন আগামী ২৯/০৫/২৫ এর মধ্যে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়েছে। উক্ত কর্মসূচির আওতায় ইউনিয়ন পর্যায়ে ভাতাভোগীদের এসবিসি প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হয়েছে।<br>এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | আবেদনের কার্যক্রম নির্ধারিত ওয়েবসাইটে সম্পন্ন করতে হবে।http://dwamcbp.gov.bd/mcbp/login<br>২। ভিডব্লিউবির যাবতীয় কার্যক্রম সরকারি নীতিমালা অনুযায়ী সম্পন্ন করতে হবে। | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট । |
| ২.১২ জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী (ভা:প্রা:), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট সদর, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১।বিভাগীয় কার্যক্রম অব্যহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য/ ইউপি চেয়ারম্যান (সকল) সিলেট সদর, সিলেট। |
| ২.১৩ পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট এর প্রতিনিধি জানান বিভাগীয় কাযক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১।বিভাগীয় কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ২.১৪ খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট জানান, খাদ্য গুদামের ধারণ ক্ষমতা থেকে অতিরিক্ত বরাদ্ধ দেয়া হয়েছে তাই ভিজিডির বরাদ্দকৃত চাল দ্রুত সংগ্রহ করার প্রস্তাব উপস্থাপন করেন । তিনি জানান ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৪৩৩ মে:ট: সে মোতাবেক কার্যক্রম চলমান।<br>তিনি আরোও জানান এপ্রিল-২৫ মাসে টিসিবি উপকারভোগীদের জন্য চালের বরাদ্ধ করা হয় ১০ কেজি হারে কিন্তু বানিজ্য মন্ত্রণালয় অর্থমন্ত্রণালয়ের অনুমতি নেয়নি।যার কারণে ডিলারদের কাছ থেকে ১০ কেজি হারে টাকার চালান জমা নেয়া হয়েছে। যা চলতি মে/২৫ ও আগামী জুন/২৫ মাসে সমন্বয় করা হবে। | ১.১। ভিজিডির বরাদ্দকৃত চাল দ্রুত উত্তোলন করতে হবে এবং বিতরণ নিশ্চিত করতে হবে।<br>১.২। ধান সংগ্রহের লক্ষ্য মাত্র অর্জন করতে হবে।<br>১.৩। টিসিবির এপ্রিল/২৫ মাসের ১০ কেজি হারে জমাকৃত টাকার চালান চলতি মে/২৫ ও জনু/২৫ মাসে সমন্বয় করতে হবে।<br>১.৪। টিসিবি নতুন উপকারভোগী বাছাই করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ২.১৫ পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | ১। নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২.১৬ বন বিভাগ | ফরেস্ট রেঞ্জার, সিলেট রেঞ্জ, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | ১.১। নিয়মিত সভায় উপস্থিত থাকতে হবে। | ফরেস্ট রেঞ্জার ও সিলেট সদর, সিলেট। |
| ২.১৭ যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে এছাড়া ২০২৪-২৫ অর্থবছরে APA চুক্তি মোতাবেক এ পর্যন্ত=২৭,৫০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে ! অর্থ বছরের অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে । এ অর্থ বছরে ০২ টি যুব সংগঠন রেজিস্টেশন হয়েছে। বায়োগ্যাস প্রশিক্ষণ ০১ ব্যাচ সমাপ্ত হয়েছে। | ১.১) বিভাগীয় কার্যক্রম অব্যহত রাখতে হবে , জুলাই যোদ্ধাদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান প্রদান করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সদর, সিলেট |
| ২.১৮ সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | ১.১) বিভাগীয় কার্যক্রম অব্যহত রাখতে হবে । | উপজেলা সমবায় কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সদর, সিলেট । |
| ২.১৯ উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার,সিলেট সদর, সিলেট সভায় জানান, জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল । |

| | | | |
|---|---|---|---|
| ০৩ কমিটির সুপারিশ পর্যালোচনা | সভায় উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের গত ০৮ টি সভার কার্যবিবরণী উপস্থাপন করেন । | উপজেলা পরিষদের ০৮ টি কমিটি দ্বি মাসিকসভার সুপারিশ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় । | সভাপতি ও সচিব, সংশ্লিষ্ট ক. সিলেট সদর, সিলেট |
| ০৪ নতুন সার্কুলার, প্রজ্ঞাপন | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন, বিধি অগ্রগতি না থাকায় এ বিষয়ে কোন আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি । | | প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |
| ০৫ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে, তিনি পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রনয়নের জন্য তথ্য প্রদানের প্রস্তাব করেন । | ১.১।আগামী ১৫ কার্যদিবসের মধ্যে পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন করতে হবে । বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে । | উপজেলা নির্বাহী অফিসার, ইউডিএফ ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ০৬ বিবিধ | বিবিধ-১:-আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট, অত্র উপজেলা পরিষদের ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট অদ্য সভায় উপস্থাপন করেন ।<br><br>বিবিধ-০২:-আলোচনাকালে অদ্য সভার সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদ অডিটরিয়াম হিসাব নং-২১০০৬৩ এর এপ্রিল/২০২৫ পর্যন্ত সময়ের বকেয়া বিদ্যুৎ বিল বাবদ- ৬৪,৪৮০/- (চৌষট্টি হাজার চারশত আঁশি) টাকা; উপজেলা পরিষদ ভবণ (২য় তলা)হিসাব নং-৫০১১৫৪ এর এপ্রিল/২০২৫ পর্যন্ত সময়ের বকেয়া বিদ্যুৎ বিল বাবদ- ৫৬,৯২৯/- (ছাপান্ন হাজার নয়শত উনত্রিশ) টাকার বিল পাওয়া গেছে । তিনি উক্ত বিল অদ্য সভায় অনুমোদন ও বিল পরিশোধের প্রস্তাব উপস্থাপন করেন ।<br><br>বিবিধ-০৩:- উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট জানান, পবিত্র ঈদ উল আযহা-২০২৫ উপলক্ষে অত্র উপজেলা পীরেরবাজার, পরগনা বাজার পশুর হাট, দাসপাড়া/শাহজালাল বাজার, বাইপাস পয়েন্ট সুরমা গেইট অস্থায়ী পশুর হাট, ইসলামগঞ্জ বাজারের উত্তরের মাঠ, শাহজালাল বাজারের মাঠ, বলাউরা বাজার, বাদাঘাট বাজার, বাদেআলী পশুর হাট, লাক্কাতুরা খেলার মাঠে কোরবানীর পশুর অস্থায়ী হাট স্থাপনের অনুমতি পাওয়া গেছে ।তিনি কোন ভাবেই যাতে পশুর হাট রাস্তায় না বসে এ বিষয়ে সর্তক থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান । | ০১) সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট অনুমোদিত হয় ।<br><br>০২) সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ অডিটরিয়াম হিসাব নং-২১০০৬৩ এর এপ্রিল/২০২৫ পর্যন্ত সময়ের বকেয়া বিদ্যুৎ বিল বাবদ- ৬৪,৪৮০/- (চৌষট্টি হাজার চারশত আঁশি) টাকা; উপজেলা পরিষদ ভবণ (২য় তলা)হিসাব নং-৫০১১৫৪ এর এপ্রিল/২০২৫ পর্যন্ত সময়ের বকেয়া বিদ্যুৎ বিল বাবদ- ৫৬,৯২৯/- (ছাপান্ন হাজার নয়শত উনত্রিশ) টাকার বিল অনুমোদিত হয় এবং পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>০৩) পবিত্র ঈদ উল আযহা-২০২৫ উপলক্ষে অত্র উপজেলা অনুমতিপ্রাপ্ত অস্থায়ী হাটবাজার সমূহ শর্তসাপেক্ষে ইজারা বিজ্ঞপ্তি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় । | প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

২৫।০৫।২৫

খোশনূর রুবাইয়াৎ
সভাপতি
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
সিলেট সদর, সিলেট ।
তারিখ: ২৫/০৫/২০২৫ খ্রিঃ।

স্মারক নং:-৪৬.৪৫.৯১৬২.০০০.০২.০০১.১৯.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট ।
৪। জেলা প্রশাসক, সিলেট ।
৫। উপজেলা ------------------------------------কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), সিলেট সদর, সিলেট ।
৬। চেয়ারম্যান,---------------------- -----------ইউ/পি (সকল) সিলেট সদর, সিলেট ।
৭। জনাব/বেগম,-------------------------------সিলেট সদর, সিলেট ।
০৮। অফিস নথি।

২৫।০৫।২৫

উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট ।

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | জনাব মো: মানিক মিয়া | চেয়ারম্যান, ১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০২) | জনাব রফিকুজ্জামান | চেয়ারম্যান, ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৩) | জনাব দিলোয়ার হোসেন | চেয়ারম্যান, ৩নং খাদিমনগর ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৪) | জনাব বদরুল ইসলাম আজাদ | চেয়ারম্যান,৪নং খাদিমপাড়া ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৫) | জনাব শফিকুর রহমান | চেয়ারম্যান, ৬নং টুকেরবাজার ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৬) | জনাব মো: বাদশা মিয়া | প্রতিনিধি,দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, ৭নং মোগলগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৭) | জনাব কৃপেশ রঞ্জন চৌধুরী | প্রতিনিধি,চেয়ারম্যান, ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৮) | জনাব অপূর্ব লাল সরকার | উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ০৯) | মিজ্ উম্মে সুমাইয়া | প্রতিনিধি, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| ১০) | জনাব মো: ছমির উদ্দিন | উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১১) | জনাব আবুল মনসুর আসজাদ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১২) | ডা: আনিসুল ইসলাম | প্রতিনিধি, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৩) | মিজ্ শামছুন্নাহার | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট। |
| ১৪) | জনাব শীর্ষেন্দু পুরকায়স্থ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৫) | জনাব মো: জামাল উদ্দিন | উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট। |
| ১৬) | জনাব অভিজিৎ কুমার পাল | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৭) | জনাব আব্দুল জলিল তালুকদার | উপজেলা শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১৮) | জনাব নুসরাত-এ-ইলাহী | উপজেলা সমাজসেবা অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১৯) | মিজ্ সাবিহা ফাতেমা | প্রতিনিধি, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২০) | মোহাম্মদ মনির হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২১) | জনাব মোহাম্মদ খোরশেদ আলম প্রধান | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)(ভা:প্রা:), সিলেট সদর, সিলেট। |
| ২২) | মিজ্ নিলুফার ইয়াসমিন | প্রতিনিধি, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২৩) | জনাব মো: কামরুল ইসলাম | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট। |
| ২৪) | মিজ্ শারমীন আক্তার | সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট। |
| ২৫) | জনাব মোহাম্মদ এমরান হোসেন | ইউডিএফ, সিলেট সদর, সিলেট। |
| ২৬) | জনাব মোহাম্মদ ফরহাদ হোসেন | উপজেলা নির্বাচন অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ২৭) | মিজ্ সুবর্ণা দাস | তথ্য সেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২৮) | জনাব শংকর কুমার দাশ | উপজেলা পরিসংখ্যান অফিসার(চ:দা), সিলেট সদর, সিলেট। |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | জনাব মো: গোলাম কিবরিয়া | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ০২) | জনাব মো: শহিদুল্লাহ | ফরেস্ট রেঞ্জার, সিলেট বন বিভাগ |
| ০৩) | জনাব শ্যামল চন্দ্র দাস | আইসিটি অফিসার, সিলেট সদর, সিলেট। |